

সুষ্ঠু অভিবাসনের তথ্য জনগনের কাছে পৌঁছে দিতে ইউনিয়ন পর্যায়ে তথ্য কেন্দ্রকে সম্পৃক্ত করা হচ্ছে।

----- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ, এমপি

ঢাকা- ১২ মার্চ ২০১৯

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি আজ সকাল ১০.০০ টায় রাজধানীর ওয়েস্টিন হোটেলের বলরুমে আর্ন্তজাতিক শ্রম সংস্থা (আইএলও) আয়োজিত "Conference on: Labour Migration Governance: Achievements, Lessons Learned and Way Forward" শীর্ষক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। তিনি জানান অভিবাসন ব্যয় কমিয়ে আনার জন্য সরকার কাজ করছে। তিনি আরোও বলেন, জনসংখ্যাকে দক্ষতা উন্নয়নের মাধ্যমে জনশক্তিতে রূপান্তর করে বিপুল বৈদেশিক মূদ্রা অর্জন করা সম্ভব। তিনি আইএলও এবং এসডিসিকে তাদের প্রকল্পের মাধ্যমে নেওয়া পদক্ষেপগুলোর জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, বাংলাদেশের অর্থনীতিতে প্রবাসী কর্মীদের অবদানের কথা স্মরণ করে তাদের কল্যাণার্থে সকল পদক্ষেপ গ্রহণে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি আরোও বলেন, নৈতিক অভিবাসনের সকল চ্যালেঞ্জ মোকাবেলা করতে সরকার সক্ষম।

দুই দিনব্যাপী এই সম্মেলনের মূল লক্ষ্য হলো বাংলাদেশ ও আইএলওর অভিবাসন সংশ্লিষ্ট কাজ সম্পর্কে অবহিত করা এবং ভবিষ্যৎ কর্মপন্থা নির্ধারণ করা।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জাতিসংঘের আবাসিক প্রতিনিধি মিয়া সেপ্পো, বায়রার সভাপতি বেনজির আহমেদ এমপি, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুহ সালাহীন, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস, এনডিসি, আইএলওর কান্ট্রি ডিরেক্টর টুওমো পোটিআইনেন প্রমুখ।

(মোহাম্মদ রাশেদুজ্জামান)
তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
মোবাইল- ০১৭১২-৩৮০৪৩৫



